কালের কণ্ঠ

তারিখ 06 JUN 2016
পৃষ্ঠা ১৮ কলাম ২

### ছাত্রলীগের আলটিমেটামে পিছু হটল প্রশাসন

# পবিপ্রবির চার শিক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহার

**পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) পাঁচ শিক্ষার্থীর মধ্যে চারজনের সাময়িক বহিষ্কারাদেশ প্রত্যাহার করেছে কর্তৃপক্ষ। শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে তাদের বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছিল। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. সুলতান মাহমুদ স্বাক্ষরিত এক নোটিশে এ তথ্য জানা গেছে।

বহিষ্কারাদেশ প্রত্যাহারের জন্য পবিপ্রবি শাখা ছাত্রলীগের আলটিমেটামের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। তবে অভিযুক্তদের আবেদনের পরিপ্রেক্ষিতে তাদের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে বলে বিশ্ববিদ্যালয় প্রশাসন দাবি করেছে।

নোটিশ সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের খাদ্য ও পুষ্টিবিজ্ঞান অনুষদের কামরুল ইসলাম (মাস্টার্স), কৃষি অনুষদের রুবেল সাজ্জাদ (পঞ্চম সেমিস্টার) ও শাকিল বারী তামিম (পঞ্চম সেমিস্টার) এবং দুর্যোগ ব্যবস্থাপনা অনুষদের অমিত চন্দ্র রায় তপুর (পঞ্চম সেমিস্টার) সাময়িক বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে। তবে মাৎস্যবিজ্ঞান অনুষদের রাতুল দৈউরির (তৃতীয় সেমিস্টার) স্থায়ী বহিষ্কারাদেশ বহাল রয়েছে।

একাধিক সূত্র জানায়, ৫ মে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে রাতুল দৈউরিকে স্থায়ী এবং কামরুল ইসলাম, রুবেল সাজ্জাদ, শাকিল বারী তামিম ও অমিত চন্দ্র রায় তপুকে সাময়িকভাবে বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। একই সঙ্গে অভিযুক্ত আরো পাঁচ শিক্ষার্থীকে জরিমানা করা হয়। গ্রীষ্মের ছুটি শেষে বিশ্ববিদ্যালয়ের প্রথম কার্যদিবসে বহিষ্কারাদেশ ও জরিমানা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ মিছিল করে রেজিস্ট্রার বরাবর স্মারকলিপি দেয় সাধারণ শিক্ষার্থীরা। এদিকে বহিষ্কৃতদের নিজেদের কর্মী দাবি করে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে ছাত্রলীগ। সমাবেশে বহিষ্কারাদেশ প্রত্যাহারের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সময় বেঁধে দেয় নেতাকর্মীরা। এরই পরিপ্রেক্ষিতে তারা জরুরি সভা ডেকে চারজনের বহিষ্কারাদেশ প্রত্যাহার করে বলে জানা গেছে।

তবে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর পূর্ণেন্দু বিশ্বাস বলেন, ক্যাম্পাসের পরিবেশ স্বাভাবিক রাখতে তদন্ত কমিটির সুপারিশে বিশ্ববিদ্যালয়ের আইনশৃঙ্খলা কমিটির সভায় অভিযুক্ত শিক্ষার্থীদের বহিষ্কার ও জরিমানা করা হয়। পরে অভিযুক্ত শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে আইনশৃঙ্খলা কমিটির জরুরি সভায় তাদের (চারজনের) বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়। তবে তাদের প্রত্যেককে জরিমানা করা হয়েছে বলে তিনি জানান।